



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নির্বাহী পরিচালকের কার্যালয়

তুলা উন্নয়ন বোর্ড

প্রকিউরমেন্ট শাখা

খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫।

www.cdb.gov.bd

কৃষিই সমৃদ্ধি



স্মারক নম্বর: ১২.০৭.০০০০.১০৩.০৬.০০৭.১৫.৩৯২

তারিখ: ৫ ভাদ্র ১৪২৯

২০ আগস্ট ২০২২

বিষয়: ২০২২ - ২০২৩ মৌসুমে কীটনাশক/হার্বিসাইডের ১ম বার ফিল্ড ট্রায়াল স্থাপন প্রসঙ্গে।

সূত্র: উদ্ভিদ সংরক্ষণ উইং, ডিএই, খামারবাড়ি এর ২০-০৬-২০২২ তারিখের ২৪০৬সংখ্যক পত্র (১১৮ তম সভা)।

সূত্রে উল্লিখিত পত্রের আলোকে এবং আপনার আবেদনের প্রেক্ষিতে তুলা উন্নয়ন বোর্ডের অধীনস্থ নিম্ন বর্ণিত তুলা গবেষণা, প্রশিক্ষণ ও বীজ বর্ধন খামার/কেন্দ্রে শর্তসাপেক্ষে চলতি ২০২২-২৩ মৌসুমে ১ম বছরের জন্য কীটনাশকের ফিল্ড ট্রায়াল স্থাপনের অনুমোদন প্রদান করা হলো।

ক্রঃ নং	কীটনাশকের নাম	পোকার নাম	প্রয়োগমাত্রা/হেঃ	গবেষণা খামার/কেন্দ্রের নাম (ট্রায়ালের স্থান) (যে কোন ১টি স্থানে)
১।	Ovijan 80WDG (Dinotefuran 40%+ Fipronil 40)	এ্যাফিড Mites	২০০গ্রাম/হেঃ (১১৮তম সভা)	তুলা গবেষণা, প্রশিক্ষণ ও বীজ বর্ধন খামার - শ্রীপুর, গাজীপুর - সদরপুর, দিনাজপুর - জগদীশপুর, যশোর - মাহিগঞ্জ, রংপুর

উপরোক্ত ফিল্ড ট্রায়াল সংশ্লিষ্ট তুলা গবেষণা খামার/কেন্দ্রের, কটন এগ্রোনমিষ্ট/এসএসও এর তত্ত্বাবধানে পরিচালনা করা হবে। ফিল্ড ট্রায়ালের যাবতীয় ব্যয়ভার সংশ্লিষ্ট প্রতিষ্ঠান বহন করবে। এতে তুলা উন্নয়ন বোর্ডের কোন আর্থিক সংশ্লেষ থাকবে না। উল্লেখ্য, পরপর ২ বছরের ফিল্ড ট্রায়াল প্রতিবেদন পাওয়ার পর পরিচালক, উদ্ভিদ সংরক্ষণ উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হবে।

এমতাবস্থায়, আপনার প্রতিষ্ঠানের কীটনাশকের ফিল্ড ট্রায়াল স্থাপনের লক্ষ্যে কীটনাশকের নমুনা, সকল প্রকার কারিগরী পুস্তিকা, তথ্যাদি ও অন্যান্য উপকরণাদি সরবরাহের নিমিত্তে সংশ্লিষ্ট তুলা গবেষণা খামার/কেন্দ্রের, কটন এগ্রোনমিষ্ট/এসএসও এর সাথে জরুরী ভিত্তিতে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

২৮-৮-২০২২

জাফর আলী

উপপরিচালক

ফোন: ৫৫০২৮৩৫৫

ইমেইল: ed@cdb.gov.bd

মেসার্স এগ্রোভিম লিঃ, রিশিপাড়া পদ্মারমোর হেমায়েতপুর, সাভার,
ঢাকা।


স্মারক নম্বর: ১২.০৭.০০০০.১০৩.০৬.০০৭.১৫.৩৯২/১(২)

তারিখ: ৫ ভাদ্র ১৪২৯

২০ আগস্ট ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) কটন এগ্রোনমিষ্ট/এসএসও, তুলা গবেষণা, প্রশিক্ষণ ও বীজ বর্ধন খামার, শ্রীপুর, গাজীপুর/সদরপুর, দিনাজপুর/জগদীশপুর, যশোর/মাহিগঞ্জ, রংপুর, (উপরোক্ত প্রতিষ্ঠানের কীটনাশকের ফিল্ড ট্রায়াল স্থাপনের সময় আবশ্যিকভাবে সাইনবোর্ডে তথ্য প্রদর্শন, যথাযথভাবে ডাটা, ছবি সংরক্ষণ এবং বার্ষিক গবেষণা পর্যালোচনা সভায় রিপোর্ট উপস্থাপনসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক যথাসময়ে অত্র দপ্তরে ২, প্রস্থ রিপোর্ট প্রেরণ করবেন)।
- ২) তুলা উন্নয়ন কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব), আইসিটি শাখা, তুলা উন্নয়ন বোর্ড



২৮-৮-২০২২

মোঃ মুনজুরুল হক
কটন ইউনিট অফিসার